



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৫০৪/মাধ্য-পরী/২০১০/২২৪০

তারিখ : ০২.০৪.২০১৭ খ্রি:

বিষয়: এসএসসি পরীক্ষা-২০১৮ ও জেএসসি পরীক্ষা ২০১৭ হতে পরীক্ষার কেন্দ্র বাতিল প্রসঙ্গে

সূত্র: (ক) কেন্দ্র পরিদর্শন টিমের পরিদর্শন প্রতিবেদন, তারিখ: ১৬.০২.২০১৭ ও ২০.০২.২০১৭

(খ) বোর্ডের কারণ দর্শানোর নোটিশ তারিখ: ১৬.০২.২০১৭

(গ) কারণ দর্শানোর নোটিশের জবাব তারিখ: ১৮.০২.২০১৭

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা- ২০১৭ বোর্ডের পরিদর্শন টিম বিগত ১৬/০২/২০১৭ তারিখ পরীক্ষা চলাকালে পরীক্ষা কেন্দ্রের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করে ০৫ শিক্ষককে বিভিন্ন অভিযোগে বহিস্কার করেন। শিক্ষা বোর্ডের পরিদর্শন টিমের নিকট পরীক্ষা পরিচালনায় কেন্দ্র সচিব ও পরীক্ষা পরিচালনা কমিটির অদক্ষতা ও অবহেলা পরিলক্ষিত হয়। কেন্দ্রে প্রত্যবেক্ষকদের হাতে পরীক্ষা চলাকালে ছবি তোলা যায় এমন মোবাইল পাওয়া যায়। পাবলিক পরীক্ষার সার্বিক শৃঙ্খলাভঙ্গের দায়ে কেন্দ্র সচিবের দায়িত্ব হতে প্রধান শিক্ষককে অব্যাহতি প্রদান করে সহকারী প্রধান শিক্ষককে কেন্দ্র সচিবের দায়িত্ব প্রদান করা হয়। পরবর্তিতে ২০/০২/২০১৭ তারিখ বোর্ডের পরিদর্শন টিম উক্ত কেন্দ্রে সকাল ৮.৫৫ মিনিটে উপস্থিত হয়ে দেখতে পান কিছু প্রশ্নের খাম খোলা অবস্থায় আছে। অব্যাহতি প্রাপ্ত কেন্দ্র সচিব (প্রধান শিক্ষক)এর বক্তব্য অনুযায়ী ৮.৩০-৮.৪৫ মিনিটে এর মধ্যে প্রশ্নের খাম খোলা হয়। কেন্দ্র সচিবকে পূর্বেই অব্যাহতি দেয়া সত্ত্বেও ২০/০২/২০১৭ তারিখ তিনি প্রশ্ন বন্টনের কাজ করছিলেন; নতুন কেন্দ্র সচিব এ সময় উপস্থিত ছিলেন না। পরিদর্শন প্রতিবেদনগুলো বিশ্লেষণ করে পরীক্ষা পরিচালনায় গুরুতর অনিয়মের প্রমাণ পাওয়া যায়। এমতাবস্থায় পাবলিক পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের স্বার্থে এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের কেন্দ্র পরিদর্শন কমিটির সুপারিশ মোতাবেক হাজী বিল্লাত আলী আদর্শ উচ্চ বিদ্যালয় (ঢাকা- ৫০), কেন্দ্র কোড- ১৩৮, জেএসসি পরীক্ষা- ২০১৭ ও এসএসসি পরীক্ষা-২০১৮ হতে পরীক্ষা কেন্দ্রটি বাতিল করা হলো।

প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১৫২৩৫

প্রধান শিক্ষক

হাজী বিল্লাত আলী আদর্শ উচ্চ বিদ্যালয়

দক্ষিণ খান (উত্তরা), ঢাকা-১২৩০

পত্র নং : ৫০৪/মাধ্য-পরী/২০১০/২২৪০

তারিখ : ০২.০৪.২০১৭ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষামন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, ঢাকা
- ৪। উপ পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। অফিস কপি

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা